

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর  
www.dgc.edu.bd  
স্থাপিত-১৯৪২ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি নম্বর: ২২০

তারিখ: ০৩ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ  
১৯ অক্টোবর ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়: ২০২৬-২০২৭ অর্থবছরে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত বিভিন্ন শ্রেণিতে মেধা ও সাধারণ বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের বৃত্তির তথ্য এন্ট্রি/সংশোধন ও বাউন্সকৃত শিক্ষার্থীদের ব্যাংক সংক্রান্ত তথ্য সংশোধনের লক্ষ্যে MIS Software-এ এন্ট্রিকরণ/সংশোধন প্রসঙ্গে।

সূত্র: স্মারক নং-৩৭.০২.০০০০.১১৭.০৭.০০১.২৪-৩০৭/২২


তারিখ: ১৪-১০-২০২৬ খ্রিষ্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিভিন্ন শ্রেণিতে মেধা ও সাধারণ বৃত্তিপ্রাপ্ত নিয়মিত অধ্যয়নরত শিক্ষার্থীদের বৃত্তির অর্থ EFT-এর মাধ্যমে প্রেরণের লক্ষ্যে বৃত্তি ও ব্যাংক সংক্রান্ত সকল তথ্যাদি বৃত্তির MIS Software-এ আগামী ১৫ অক্টোবর ২০২৬ তারিখ হতে ১৯ নভেম্বর ২০২৬ তারিখের মধ্যে নির্ভুলভাবে এন্ট্রিকরণ/এন্ট্রিকৃত ও বাউন্সকৃত তথ্য সংশোধনের জন্য দিনাজপুর সরকারি কলেজের উচ্চমাধ্যমিক শাখার অফিস সহকারী রবিউল খান-এর সাথে যোগাযোগ করার জন্য বলা হলো।

১. বৃত্তিপ্রাপ্ত যেসকল শিক্ষার্থীর তথ্য পূর্বে এন্ট্রি করা হয়নি তাদের তথ্যও MIS Software-এ এন্ট্রি করা যাবে।
২. বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের বৃত্তি ও ব্যাংক সংক্রান্ত তথ্য MIS Software-এ সঠিকভাবে এন্ট্রি না দেয়ার কারণে বৃত্তির অর্থ যথাসময়ে প্রেরণ করা সম্ভব হয় না। বৃত্তি সংক্রান্ত তথ্যাদি নির্ভুলভাবে এন্ট্রির লক্ষ্যে পত্রের সাথে সংযুক্ত নির্দেশাবলি যথাযথভাবে অনুসরণীয়।
৩. যেসকল শিক্ষার্থীদের ব্যাংক সংক্রান্ত সমস্যার কারণে (ব্যাংকের নাম, শাখার নাম Routing Number, হিসাব নম্বর, একক/যৌথ হিসাব সংক্রান্ত ভুল ও Bank Account Inactive থাকা) প্রেরিত বৃত্তির অর্থ Bounced হয়েছে তাদের ব্যাংক সংক্রান্ত তথ্য সংশোধন ও Inactive Account সক্রিয়করণ।

আবেদনের সাথে সংযুক্তি:

১. শিক্ষার্থীর জন্মনিবন্ধন সনদের ফটোকপি (১৭ সংখ্যা);
২. পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যা);
৩. পিতা/মাতার অবর্তমানে বৈধ অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যা);
৪. শিক্ষার্থীর অনলাইন ব্যাংক হিসাব নম্বর (১৩-১৭ ডিজিটের হতে হবে);
৫. যৌথ নামে ব্যাংক হিসাব/স্কুল ব্যাংক হিসাব খোলা হলে শিক্ষার্থী ও অভিভাবক উভয়ের নাম দিতে হবে;

  
(প্রফেসর মোঃ নূরুল রহমান)  
অধ্যক্ষ  
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর  
তারিখ: ১৯/১০/২৬

স্মারক নম্বর:

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১. উপাধ্যক্ষ, দিনাজপুর সরকারি কলেজ
২. তত্ত্বাবধায়ক, উচ্চমাধ্যমিক শাখা, দিনাজপুর সরকারি কলেজ (শিক্ষার্থীদের অবহিতকরণের অনুরোধসহ)
৩. অফিস নথি